

আপডেট : ২১ এপ্রিল, ২০২১ ০০:০০

সিমাগো ইনস্টিটিউট র‍্যাঙ্কিং

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় দেশসেরা

| গাজীপুর প্রতিনিধি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় দেশসেরা

আন্তর্জাতিক মানদণ্ডে বাংলাদেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থান- এই তিন সূচকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) দেশসেরা (প্রথম স্থান) হওয়ার গৌরব অর্জন করেছে। বিশ্বের বিভিন্ন দেশের ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো-স্কোপাস জরিপে এ তথ্য উঠে এসেছে। সোমবার বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউট র‍্যাঙ্কিং ২০২১ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগ জানায়, ওই জরিপে কৃষি ও জীববিজ্ঞান শাখায় বশেমুরকৃবি সারা বিশ্বে ৪৭২তম, এশিয়া অঞ্চলে ২০৬তম এবং বাংলাদেশে প্রথম স্থান লাভ করেছে। অন্যদিকে জীবরসায়ন, জেনেটিক্স ও মলিকুলার বায়োলোজি শাখায় বশেমুরকৃবি সারা বিশ্বে ৫৪১তম, এশিয়া অঞ্চলে ২৪৭তম এবং বাংলাদেশে প্রথম স্থানে রয়েছে।

উল্লেখ্য, একই ইনডেক্স জরিপে বশেমুরকৃবি গত ২০১৯ এবং ২০২০ সালে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে যথাক্রমে চতুর্থ ও দ্বিতীয় স্থান লাভ করেছিল।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, আন্তর্জাতিক মানের গবেষণা এবং এ স্বীকৃতি অর্জনের সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রমে নিরলস প্রচেষ্টার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া সব শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীকে অভিনন্দন জানান। একই সঙ্গে কৃষিবান্ধব সরকার বিশেষ করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং অন্য সবার সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আশা প্রকাশ করেন, বিশ্ববিদ্যালয়ের এ সাফল্য উত্তরোত্তর আরও বৃদ্ধি পাবে।